দৈনিক খবর

28 NOV 1992

তারিখ 28 NOV 1992
পৃষ্ঠা ৪ কলাম ৪

23

# ইসলামী বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণায় তালাবায়ে ক্ষোভ

গত ২৫ নভেম্বর ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রতিদ্বন্দ্বী দু'টি ছাত্র সংগঠনের মধ্যে মারাত্মক সংঘর্ষের জের হিসেবে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণায় সংবাদে বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরাবিয়ার সিনিয়র সহ-সভাপতি নাসির মাহমুদ এবং প্রধান সম্পাদক মোঃ আবুবকর সিদ্দিক ক্ষোভ এবং নিন্দা জ্ঞাপন করেন।

এক যুক্ত বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, সামান্য বিষয় নিয়ে যারা সংঘর্ষে লিপ্ত হয় তারা কোন্ আদর্শে বিশ্বাসী? আসলে ইসলামের চিহ্নিত শত্রুরাই নামের ছদ্মাবরণে জাতির নিকট ইসলামী বিশ্ববিদ্যালয় এবং দ্বীনি শিক্ষাকে হেয় প্রতিপন্ন করার মানসে একের পর এক ষড়যন্ত্র করে যাচ্ছে এবং মারামারিতে কাটাকাটি করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সন্ত্রাসীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে এবং যে কোন সমস্যা সমাধান বিশ্ববিদ্যালয় খোলা রেখেই করতে হবে।